# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

## সচিবালয়

ফোন ঃ ০২২২২২৩০০৫৩
ই-মেইল ঃ bwdbsecretary@gmail.com
ওয়েবসাইট ঃ www.bwdb.gov.bd

পানি ভবন (লেভেল-৭), ৭২, গ্রীন রোড
ঢাকা-১২০৫

Phone : 02222230053
e-mail : bwdbsecretary@gmail.com
website : www.bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.০৫.০১১.২০-৩৪৬

তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৮ বঃ / ১৪ অক্টোবর ২০২১ খ্রিঃ

**বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০২১-২২ অর্থ বছরের চূড়ান্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অনুঃ ২.৪ নং কার্যক্রম প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অবহিত করা যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড নৈতিকতা কমিটির ০৬ জুন, ২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২.৪ নং কার্যক্রম **"প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন,কম্পিউটার,আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা"** এর আলোকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সমাপ্ত প্রকল্পের যানবাহন, কম্পিউটার,আসবাবপত্র ইত্যাদি বিধি মোতাবেক হস্তান্তরের জন্য নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) বাপাউবো'র প্রকল্প সমাপ্তি শেষে ব্যবহৃত যানবাহন সরকারি কেন্দ্রীয় পরিবহন পুলে জমা প্রদানের উদ্দেশ্যে সওযা পরিদপ্তরে ন্যস্ত করতে হবে। বোর্ডের সওযা পরিদপ্তর প্রকল্প হতে জমাকৃত যানবাহন সংক্রান্ত তথ্য বোর্ড সচিবালয়কে অবহিত করবে।

(২) প্রকল্প সমাপ্তি শেষে ব্যবহৃত কম্পিউটার, আসবাবপত্র ও অন্যান্য সরঞ্জাম ইত্যাদি বোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন দপ্তরে ব্যবহার করার জন্য সরবরাহ করতে পারবে।

(৩) প্রকল্প সমাপ্তির পূর্বেই স্ব স্ব প্রকল্প পরিচালক অকেজো কম্পিউটার, আসবাবপত্র ও অন্যান্য সরঞ্জাম পাসম এর প্রতিনিধি মনোনয়ন করতঃ নিলাম কমিটির মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে তাঁর অধিক্ষেত্রের প্রকল্পের গাড়ি/গাড়িসমূহ (সংখ্যা নিরুপন করতঃ) জনপ্রশাসন মন্ত্রণালয় (সাবেক সংস্থাপন মন্ত্রণালয়) এর ০৮ জানুয়ারি, ২০০৬ এর পরিপত্র অনুযায়ী সরকারি কেন্দ্রীয় পরিবহন পুলে জমা প্রদানের নিমিত্ত বোর্ডের সম্পত্তি ও যানবাহন পরিদপ্তরে ন্যস্ত করার জন্য অনুরোধ করা হলো এবং উপর্যুক্ত অনুচ্ছেদ (২) ও (৩) এর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতঃ অগ্রগতি প্রতিবেদনের একটি অনুলিপি বোর্ড সচিব বরাবর প্রেরণ করার জন্যও অনুরোধ জানানো হলো।

২। এ পত্র প্রেরণে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ ১। ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা।
২। ২০২০-২১ অর্থ বছরে সমাপ্তকৃত প্রকল্পের তালিকা।
৩। জনপ্রশাসন মন্ত্রণালয় (সাবেক সংস্থাপন মন্ত্রণালয়) এর পরিপত্র।

১৪/১০/২০২১

মোঃ মুজিবুর রহমান
সচিব
এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা-NIS
বাপাউবো, ঢাকা।

প্রাপক
প্রকল্প পরিচালক (সমাপ্ত প্রকল্প)
---------------------
----------------------

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে):

১. পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (সমাপ্ত প্রকল্পের গাড়ি/গাড়িসমূহ গ্রহণ করতঃ সরকারি পরিবহন পুলে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
২. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৩. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে):

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫৭৮ তারিখঃ ১৭/১০/২১
* প্রয়োজনীয় ব্যবস্থা নিন
* নথিতে পেশ করুন
* নথিতে রাখুন
১৭/১০/২০২১
এনালিস্ট
বাপাউবো, ঢাকা

# দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২

দপ্তর/সংস্থার নামঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা...... | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ৪ | সংখ্যা | বোর্ড সচিবালয় | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৬ | % | বোর্ড সচিবালয় | ১০০ | লক্ষ্যমাত্রা | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | বোর্ড সচিবালয় | ২ টি | লক্ষ্যমাত্রা | ১ | ১ | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | প্রশিক্ষণ পরিদপ্তর | ৬০০ জন | লক্ষ্যমাত্রা | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | | | ১. কাপ্তাই প্রকৌশল একাডেমী ১৬ টি।<br>২. সেচ সম্প্রসারণ প্রশিক্ষণ কেন্দ্র, বাড়াদী, কুষ্টিয়া ৭ টি।<br>৩. বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সীগঞ্জ ৭ টি। |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | উন্নত কর্ম-পরিবেশ (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি) ইত্যাদি | ২ | সংখ্যা ও তারিখ | (ক) ঢাকা পওর বিভাগ-২<br>(খ) সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর<br>(গ) ঢাকা পওর বিভাগ-২ | ২৫/৯/২০২১<br>২৫/১২/২০২১<br>২৫/০৩/২০২২ | লক্ষ্যমাত্রা | ২৫/৯/২০২১ | ২৫/১২/২০২১ | ২৫/০৩/২০২২ | | | | (ক) স্বাস্থ্যবিধি : বাস্তবায়নকারী দপ্তর, ঢাকা পওর বিভাগ-২<br>১) হাত ধোয়ার স্থায়ী ব্যবস্থা করা।<br>২) হ্যান্ড স্যানিটাইজেশনে (Hand sanitization) এ ব্যবস্থা করা।<br>৩) কোভিড-১৯ এর বিষয়ে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে NO Mask, No entry সম্বলিত ফেস্টুন প্রবেশমুখে স্থাপন করা। |
| | | | | | | অর্জন | | | | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| চলমান কার্যক্রম ঃ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি) ইত্যাদি | | | | | | | | | | | | | (৪) তাপমাত্রা পরিমাপক যন্ত্রের মাধ্যমে তাপমাত্রা পরিমাণ করা।<br><br>(খ) টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ বাস্তবায়নকারী দপ্তর: সওযা পরিদপ্তর<br>১) অচল ১৮ টি গাড়ি নিলামে বিক্রয়ের প্রক্রিয়াধীন।<br>২) ওয়াপদা ভবনের পুরাতন লিফটের মালামাল নিলামকরণ।<br>৩) কেন্দ্রীয় গুদামে রক্ষিত অকেজো মালামাল, লোহালক্কর, পুরাতন আসবাবপত্র নিলামে বিক্রয়ের ব্যবস্থা করা।<br><br>(গ) পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধিকরণ বাস্তবায়নকারী দপ্তর : ঢাকা পওর বিভাগ-২<br><br>১) পানি ভবনের অভ্যন্তরীণ এবং বহিরাঙ্গন নিয়মিতভাবে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা (যেমন: ময়লা আবর্জনা, ওয়াশরুম, দাপ্তরিক ভবন ইত্যাদি)। |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | কর্মপরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত | ১ | তারিখ | বোর্ড সচিবালয় | ১৫/১০/২০২১<br>১৫/০১/২০২২<br>১৫/০৪/২০২২ | লক্ষ্যমাত্রা | | ১৫/১০/২০২১ | ১৫/০১/২০২২ | ১৫/০৪/২০২২ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৭ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ফিডব্যাক সভা/কর্মশালা অনুষ্ঠিত | ৪ | তারিখ | বোর্ড সচিবালয় | ৩০/১০/২০২১<br>৩০/০১/২০২২<br>৩০/০৪/২০২২ | লক্ষ্যমাত্রা | ৩০/১০/২০২১ | ৩০/০১/২০২২ | ৩০/০৪/২০২২ | | | | আঞ্চলিক ৯ (নয়) টি জোন। |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | প্রদত্ত পুরস্কার | ১ | তারিখ | বোর্ড সচিবালয়/ কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর | ৩০/০৬/২০২২ | লক্ষ্যমাত্রা | | | | ৩০/০৬/২০২২ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল | ৩০/০৭/২০২১<br>৩০/০৩/২০২২ | লক্ষ্যমাত্রা | ৩০/০৭/২০২১ | | ৩০/০৩/২০২২ | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | প্রধান প্রকৌশলী, পরিকল্পনা | ৬ | লক্ষ্যমাত্রা | ১ | ২ | ২ | ১ | | | PSC মিটিং আয়োজন বাপাউবোর আওতাবর্হিভূত। |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | ২ | % | প্রসেসিং পরিদপ্তর | | লক্ষ্যমাত্রা | ৭% | ২০% | ৩৩% | ৪০% | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরিত | ২ | তারিখ | স্ব স্ব প্রকল্প পরিচালক | ২৫/০৯/২০২১<br>২৫/০৩/২০২১<br>২৫/০৬/২০২২<br>২৫/১২/২০২২ | লক্ষ্যমাত্রা | ২৫/০৯/২০২১ | ২৫/০৩/২০২১ | ২৫/০৬/২০২২ | ২৫/১২/২০২২ | | | (ক) প্রকল্পের গাড়ি<br>(১) বাপাউবো'র প্রকল্প সমাপ্তি শেষে ব্যবহৃত যানবাহন (গাড়ি, জলযান ও মোটরসাইকেল) সরকারি পরিবহন পুলে জমা প্রদানের উদ্দেশ্যে বোর্ডের সওযা পরিদপ্তরে ন্যস্ত করতে হবে। বোর্ডের সওযা পরিদপ্তর প্রতি কোয়ার্টারে প্রকল্প হতে জমাকৃত যানবাহন সংক্রান্ত তথ্য বোর্ড সচিবালয়কে অবহিত করবে।<br>(২)প্রকল্প সমাপ্তি শেষে ব্যবহৃত কম্পিউটার, |
| | | | | | | অর্জন | | | | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | আসবাবপত্র ও অন্যান্য সরঞ্জাম ইত্যাদি বোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন দপ্তরে ব্যবহার করার জন্য সরবরাহ করতে হবে। (৩) প্রকল্প সমাপ্তির পূর্বেই স্ব স্ব প্রকল্প পরিচালক অকেজো কম্পিউটার, আসবাবপত্র ও অন্যান্য সরঞ্জাম ইত্যাদি পাসম এর প্রতিনিধি মনোনয়ন করতঃ নিলাম কমিটির মাধ্যমে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম……………..(অগ্রাধিকার ভিত্তিতে ন্যূনতম পাঁচটি কার্যক্রম) | | | | | | | | | | | | | |
| ৩.১ "আমি ও আমার অফিস দুর্নীতিমুক্ত" ঘোষণা সকল দপ্তরের সামনে টানিয়ে রাখার ব্যবস্থা করা। | | ৪ | | স্ব স্ব দপ্তর প্রধান (স্ব স্ব অধিক্ষেত্রে) | ২৫/০৯/২০২১ | লক্ষ্যমাত্রা | ২৫/০৯/২০২১ | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.২ গণশুনানী | | ৪ | | বোর্ড সচিবালয় | ০২ | লক্ষ্যমাত্রা | ০১ | ০১ | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৩ সরাসরি দপ্তর প্রধানের সাথে সেবাপ্রার্থীদের সাক্ষাতের ব্যবস্থা সহজীকরণ | | ৪ | | স্ব স্ব দপ্তর প্রধান (স্ব স্ব অধিক্ষেত্রে) | ২৫/০৯/২০২১<br>২৫/০৩/২০২১<br>২৫/০৬/২০২২<br>২৫/১২/২০২২ | লক্ষ্যমাত্রা | ২৫/০৯/২০২১ | ২৫/০৩/২০২১ | ২৫/০৬/২০২২ | ২৫/১২/২০২২ | | | সেবাপ্রার্থীদের নাম ,ঠিকানা ও সেল নম্বর রেজিষ্টারভুক্ত করে সংরক্ষণ করতে হবে। এ বিষয়ে প্রত্যেক দপ্তর প্রধানের ব্যক্তিগত সহকারী (পিএ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| | | | | | | অর্জন | | | | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ৩.৪ তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগপূর্বক তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর দৃশ্যমান স্থানে টানিয়ে রাখার বিষয়টি আরো নিবিড়করণ | | ৪ | | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর | ২৫/০৯/২০২১ | লক্ষ্যমাত্রা | ২৫/০৯/২০২১ | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৫ দপ্তর/দপ্তর প্রধান নিয়মিত অধঃস্তন অফিস সমূহের কার্যক্রম পরিদর্শন ও কার্যক্রম মনিটরিং নিশ্চিতকরণ | | ৪ | | স্ব স্ব দপ্তর প্রধান (স্ব স্ব অধিক্ষেত্রে) | ১৫/১০/২০২১ ১৫/০১/২০২২ ১৫/০৪/২০২২ ১৫/০৭/২০২২ | লক্ষ্যমাত্রা | ১৫/১০/২০২১ | ১৫/০১/২০২২ | ১৫/০৪/২০২২ | ১৫/০৭/২০২২ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

এ কে এম ওয়াহেদ উদ্দিন চৌধুরী
মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

মোঃ মুজিবুর রহমান
সচিব
বাংলাদেশ পা[illegible] বোর্ড

## ২০২০-২১ অর্থ বছরে সমাপ্তকৃত প্রকল্পসমূহ

২০২০-২১ অর্থ-বছরে ৩৩টি প্রকল্পের বাস্তবায়ন সমাপ্ত করা সম্ভব হয়। সমাপ্ত প্রকল্পসমূহের তালিকা নিম্নে প্রদত্ত হলোঃ

(লক্ষ টাকায়)

| ক্র: নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | প্রকল্প ব্যয় | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা | | |
| ১ | টাঙ্গাইল জেলার দেলদুয়ার উপজেলাধীন ধলেশ্বরী নদীর বাম তীরবর্তী গাছ-কুমুল্লী বারপানিয়া এবং নাগরপুর উপজেলার ঘোনাপাড়াসহ বাবুপুর-লাউহাটি প্রকল্প এলাকায় নদী তীর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত) (জানুয়ারি, ২০১৭ হতে জুন, ২০২১) | ১২৪৮৯.০৫ | ১০৩৬৩.৫১ |
| ২ | জামালপুর জেলার সরিষাবাড়ি উপজেলাধীন যমুনা নদীর বাম তীর সংরক্ষণের মাধ্যমে ভূয়াপুর-তারাকান্দি সড়ক রক্ষা প্রকল্প (১ম সংশোধিত) (জুলাই, ২০১৭ হতে জুন, ২০২১) | ২০০৭৬.৭৪ | ২০০৭৯.৯৩ |
| ৩ | জামালপুর জেলার ইসলামপুর উপজেলায় অবস্থিত কুলকান্দি ও গুঠাইল হার্ডপয়েন্টের মধ্যবর্তী বেলগাছা এলাকাটি যমুনা নদীর ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প (১ম সংশোধিত) (জুলাই, ২০১৭ হতে জুন, ২০২১) | ২৫৩৬৬.০৩ | ২৩৬৪৭.০৪ |
| ৪ | নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলাধীন হাইজদা বাঁধের ঝুঁকিপূর্ণ স্থানসমূহ শক্তিশালীকরণ প্রকল্প (মার্চ, ২০১৭ হতে জুন, ২০২১) | ৪৬৯৯.৪১ | ৩৯৬৪.৯৬ |
| ৫ | কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন সাহেবের চর গ্রাম ও তৎসংলগ্ন এলাকা পুরাতন ব্রহ্মপুত্র নদের বাম তীরের ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প (জানুয়ারি, ২০১৯ হতে জুন, ২০২১) | ৪৮৬০.৭৫ | ৪৭২০.০০ |
| ৬ | টাঙ্গাইল জেলার গোপালপুর ও ভূঞাপুর উপজেলাধীন যমুনা নদীর বাম তীরবর্তী কাউলীবাড়ী ব্রীজ হতে শাখারিয়া (ভরুয়া-বটতলা) পর্যন্ত তীর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত) (মার্চ, ২০১৭ হতে জুন, ২০২১) | ২১৫৩৪.৫৩ | ১৫৯৮৬.১৮ |
| | **উপমোট (কেন্দ্রীয় অঞ্চল)- ৬টি প্রকল্প** | **৮৯০২৬.৫১** | **৭৮৭৬১.৬২** |
| | পূর্বাঞ্চল, কুমিল্লা | | |
| ৭ | লক্ষীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলা ও তৎসংলগ্ন এলাকাকে মেঘনা নদীর অব্যাহত ভাংগন হতে রক্ষাকল্পে প্রতিরোধ (১ম পর্যায়) (২য় সংশোধিত) (জুলাই, ২০১৪ হতে জুন, ২০২১) | ২৪৫১৮.৯০ | ২৩৭৩১.৪৪ |
| ৮ | ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলার জয়ধরকান্দি ও তেলিকান্দি এলাকায় বাঁধ নির্মাণ ও স্লোপ সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত) (অক্টোবর, ২০১৮ হতে জুন, ২০২১) | ২৯৮৫.৭০ | ২৯৫৬.২২ |
| ৯ | ফেনী জেলার ছাগলনাইয়া ও ফেনী সদর উপজেলাধীন ফেনী নদীর ডান তীর ভাঙ্গন হতে নাঙ্গল মোড়া ও জগৎ জীবনপুর এলাকা রক্ষা প্রকল্প (জুলাই, ২০১৯ হতে জুন, ২০২১) | ৪৬৮১.৪০ | ৪৫০৯.৭৭ |
| | **উপমোট (পূর্বাঞ্চল)- ৩টি প্রকল্প** | **৩২১৮৬.০০** | **৩১১৯৭.৪৩** |
| | দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম | | |
| ১০ | চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন পুইছড়ি ইউনিয়নের পোল্ডার নং-৬৪/২এ (পুইছড়ি পার্ট) এর পুনর্বাসন ও নিষ্কাশন প্রকল্প (জুলাই, ২০১৮ হতে জুন, ২০২১) | ১১২৮.৯৬ | ৯১০.১৪ |
| ১১ | কক্সবাজার জেলার বাঁকখালী নদী বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন, সেচ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত) (অক্টোবর, ২০১৬ হতে জুন, ২০২১) | ১৯৫৪৩.৯৫ | ১৪৫০০.৭৭ |

| ক্র: নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | প্রকল্প ব্যয় | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১২ | কক্সবাজার জেলাধীন ক্ষতিগ্রস্ত পোল্ডারসমূহের পুনর্বাসন প্রকল্প (২য় সংশোধিত) (জুলাই, ২০১৫ হতে জুন, ২০২১) | ৩৬৩১১.৮১ | ৩২০২২.৮৮ |
| | **উপমোট (দক্ষিণ-পূর্বাঞ্চল)- ৩টি প্রকল্প** | **৫৬৯৮৪.৭২** | **৪৭৪৩৩.৭৯** |
| | **উত্তরাঞ্চল, রংপুর** | | |
| ১৩ | রংপুর জেলার মিঠাপুকুর, পীরগাছা ও রংপুর সদর উপজেলায় যমুনেশ্বরী, ঘাঘট ও করতোয়া নদীর তীর সংরক্ষণ ও নদী পুনঃখনন প্রকল্প (১ম সংশোধিত) (অক্টোবর, ২০১৮ হতে জুন, ২০২১) | ১৫০০৮.৩০ | ১২৬৭৫.২৪ |
| ১৪ | দিনাজপুর জেলার সদর উপজেলাধীন গৌরীপুর নামক স্থানে খরা মৌসুমে সম্পূরক সেচ প্রদানের লক্ষ্যে পুনর্ভবা নদীর উপর সমন্বিত পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ প্রকল্প (২য় সংশোধনী প্রক্রিয়াধীন) (অক্টোবর, ২০১৬ হতে জুন, ২০২১) | ৬২৯৬.৮০ | ৬২৪৭.২৭ |
| ১৫ | দিনাজপুর জেলার খানসামা উপজেলার বিভিন্ন স্থানে আত্রাই নদীর অব্যাহত ভাঙ্গন প্রতিরোধ ও নদী তীর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত) (অক্টোবর, ২০১৮ হতে জুন, ২০২১) | ৫৫৬৮.৮৪ | ৫২৭৬.৩৯ |
| | **উপমোট (উত্তরাঞ্চল)- ৩টি প্রকল্প** | **২৬৮৭৩.৯৪** | **২৪১৯৮.৯০** |
| | **উত্তর-পশ্চিমাঞ্চল, রাজশাহী** | | |
| ১৬ | নাটোর জেলার সিংড়া পৌরসভা এলাকা আত্রাই ও নাগর নদীর ভাংগন হইতে রক্ষা প্রকল্প (১ম সংশোধিত) (অক্টোবর,২০১৭ হতে জুন, ২০২১) | ৪৮০৬.৫১ | ৪১৩৭.০২ |
| | **উপমোট (উত্তর-পশ্চিমাঞ্চল)- ১টি প্রকল্প** | **৪৮০৬.৫১** | **৪১৩৭.০২** |
| | **পশ্চিমাঞ্চল, ফরিদপুর** | | |
| ১৭ | সুরেশ্বর খাল খনন ও নিষ্কাশন প্রকল্প (১ম সংশোধিত) (জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১) | ৫১৯৪.৪৩ | ৪২৮৮.৯০ |
| ১৮ | রাজৈর কোটালীপাড়া বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ প্রকল্প (১ম সংশোধিত) (আগষ্ট, ২০১৬ হতে জুন, ২০২১) | ৯৯৯৪.৪৩ | ৯১০৮.৭৯ |
| | **উপমোট (পশ্চিমাঞ্চল)- ২টি প্রকল্প** | **১৫১৮৮.৮৬** | **১৩৩৯৭.৬৯** |
| | **দক্ষিণাঞ্চল, বরিশাল** | | |
| ১৯ | ভোলা জেলার দৌলতখান ও বোরহানউদ্দিন উপজেলায় মেঘনা নদীর ভাঙ্গন হতে পোল্ডার নং-৫৬/৫৭ রক্ষা প্রকল্প (১ম সংশোধিত) (জানুয়ারী, ২০১৬ হতে জুন, ২০২১) | ৫৫০৬৩.৯০ | ৫৩২৭০.৬১ |
| ২০ | মেঘনা নদীর ভাংগন হতে ভোলা জেলার সদর উপজেলাধীন রাজাপুর ও পূর্ব ইলিশা ইউনিয়ন রক্ষার্থে তীর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত) (ডিসেম্বর, ২০১৫ হতে জুন, ২০২১) | ৩৪৩৯০.৬২ | ৩৩১৬২.০০ |
| ২১ | বরগুনা জেলার উপকুলীয় পোল্ডারসমূহে সেচ কাজের জন্য খাল পুনঃখনন প্রকল্প (১ম সংশোধিত) (এপ্রিল, ২০১৮ হতে জুন, ২০২১) | ৬১১৭.৯২ | ৫৯৭০.৬৪ |
| ২২ | নদী তীর সংরক্ষণের মাধ্যমে মেঘনা নদীর ভাঙ্গন হতে ভোলা জেলার তজুমুদ্দিন উপজেলা সদর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত) (জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১) | ৬০৯৩৮.০৯ | ৬০২০১.০০ |
| | **উপমোট (দক্ষিণাঞ্চল)- ৪টি প্রকল্প** | **১৫৬৫১০.৫৩** | **১৫২৬০৪.২৫** |
| | | | |

| ক্র: নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | প্রকল্প ব্যয় | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| দক্ষিণ-পশ্চিমাঞ্চল, খুলনা | | | |
| ২৩ | বাগেরহাট জেলার মোংলা উপজেলায় বাংলাদেশ সেনা কল্যাণ সংস্থার নিজস্ব প্রতিষ্ঠান এলিফ্যান্ট ব্রান্ড সিমেন্ট ফ্যাক্টরী ও তৎসংলগ্ন এলাকা পশুর নদীর বাম তীরের ভাঙ্গন থেকে রক্ষা প্রকল্প (মার্চ, ২০১৯ হতে জুন, ২০২১) | ৯০৭.১৮ | ৪৪৪.৫৫ |
| ২৪ | ভৈরব ও রূপসা নদীর ভাঙ্গন হতে খুলনা শহরের গুরুত্বপূর্ণ সরকারী স্থাপনাসমূহ রক্ষা প্রকল্প (১ম সংশোধিত) (অক্টোবর, ২০১৮ হতে জুন, ২০২১) | ২৯৯৫.৫১ | ২৯২৬.৮৪ |
| ২৫ | সাতক্ষীরা জেলার পোল্ডার নং-৩ এর নাংলা নামক স্থানে ইছামতি নদীর বামতীর সংরক্ষণ কাজ প্রকল্প (জানুয়ারি, ২০১৯ হতে জুন, ২০২১) | ১৭০০.৭৯ | ১৫৮৭.৩০ |
| ২৬ | খুলনা জেলার ভূতিয়ার বিল এবং বর্ণাল সলিমপুর কোলাবাসুখালী বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন প্রকল্প (২য় পর্যায়) (২য় সংশোধিত) (০১-১০-২০১৩ হতে ৩০-০৬-২০২১) | ৩০০১৩.২৯ | ২৮৮৯৪.৮১ |
| ২৭ | যশোর জেলার মনিরামপুর ও কেশবপুর উপজেলাধীন আপার ভদ্রা নদী, হরিহর নদী, বুড়িভদ্রা নদী ও পার্শ্ববর্তী খালগুলির জলাবদ্ধতা দূরীকরণ প্রকল্প (১ম সংশোধিত) (মার্চ, ২০১৮ হতে জুন, ২০২১) | ৫৩৮০.৮৮ | ৪৩৪৮.৭১ |
| | **উপমোট (দক্ষিণ-পশ্চিমাঞ্চল)- ৫টি প্রকল্প** | **৪০৯৯৭.৬৫** | **৩৮২০২.২১** |
| বৈদেশিক ঋণ সহায়তাপুষ্ট প্রকল্পসমূহ | | | |
| ২৮ | Flood and River Bank erosion risk Management Investment Program (২য় সংশোধিত) (এপ্রিল, ২০১৪ হতে জুন, ২০২১) | ৮৬৭৪৪.৪৪ | ৮০০৯৮.৫৫ |
| | **উপমোট (বৈদেশিক ঋণ সহায়তাপুষ্ট প্রকল্পসমূহ)- ১টি প্রকল্প** | **৮৬৭৪৪.৪৪** | **৮০০৯৮.৫৫** |
| বিশেষ প্রকল্পসমূহ | | | |
| ২৯ | সাঙ্গু ও মাতামুহুরী নদীর বেসিন রেস্টোরেশনের নিমিত্ত সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প (সেপ্টেম্বর, ২০১৯ হতে মে, ২০২১) | ৪৯৫.০০ | ৪৮৪.১১ |
| ৩০ | কর্ণফুলী নদীর অববাহিকা উন্নয়ন ও ব্যবস্থাপনার লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা (হালদা নদী সহ) প্রকল্প (সেপ্টেম্বর, ২০১৯ হতে জুন, ২০২১) | ৪৯৭.০০ | ৪৮১.৫৮ |
| ৩১ | Feasibility study for collection of detail information of land acquisitionand land availability on “Dhaka Circular Route: Eastern Bypass” Project (জুলাই, ২০২০ হতে জুন, ২০২১) | ৪৮৯.০০ | ৪৪৮.৫৯ |
| ৩২ | Feasibility study for Re-excavation of Shuvadya Khal along with development and protection of its both banks at Keraniganj Upazila in Dhaka District (জুলাই, ২০২০ হতে জুন, ২০২১) | ৩২২.৫০ | ২৯৭.৭৩ |
| ৩৩ | Feasibility study for Re-excavation of New Dakatia River in Cumilla and Chandpur District (আগস্ট, ২০২০ হতে জুন, ২০২১) | ৩২১.০০ | ২৯৭.৪২ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
পরিবহন শাখা

নং-সম(পরি)-স্থায়ী কমিটি/৪৪/২০০৫ (অংশ-১)-৭২১, তারিখঃ ২৫ পৌষ, ১৪১২ / ০৮ জানুয়ারী, ২০০৬

## পরিপত্র

বিষয় ঃ সমাপ্ত উন্নয়ন প্রকল্পের যানবাহন সরকারি যানবাহন অধিদপ্তরের অধীন কেন্দ্রীয় পরিবহন পুলে জমাকরণ, ব্যবহার ও নিষ্পত্তি।

সূত্র ঃ (১) নং-পি.এম.এল.এ/৭০০৯/১১/সিভ/১, তাং-২৩ জুন, ১৯৮৬।
(২) নং-সম(পরি) ২ আ-১/৮৮-২৫২, তাং- ২১ এপ্রিল, ১৯৮৮।
(৩) নং-সম(পরি)-প্রকল্পের গাড়ী-৩৯/২০০৪-১৫৪, তাং- ১৬ মার্চ, ২০০৫।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্পের যানবাহন কেন্দ্রীয় পরিবহন পুলে জমাদান, ব্যবহার ও নিষ্পত্তি সংক্রান্ত বিদ্যমান নীতিমালা নিম্নোক্তভাবে সংশোধন করা হলো এবং নিম্নবর্ণিত পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলোঃ

১) সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পরিচালক, প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে প্রকল্পের সকল সচল যানবাহন সংস্থাপন মন্ত্রণালয়াধীন সরকারি যানবাহন অধিদপ্তরের কেন্দ্রীয় পরিবহন পুলে জমা প্রদান করবেন। নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত প্রকল্পের যানবাহন জমা না হলে সরকারি যানবাহন অধিদপ্তর বিষয়টি সংস্থাপন মন্ত্রণালয়কে অবহিত করবে।

২) সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রকল্প সমাপ্তির সর্বোচ্চ ৬ (ছয়) মাসের মধ্যে তার অধীনস্ত সমাপ্ত উন্নয়ন প্রকল্পের অচল যানবাহন, সংস্থাপন মন্ত্রণালয় থেকে ১১.০৫.১৯৯৯ তারিখের সম(পরি) প-৫/৯৮-২৫৮ (২০০) নং স্মারকমূলে জারীকৃত "মন্ত্রণালয়/বিভাগ এবং উহার আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, নৌ-যান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা" অনুযায়ী বিক্রি করে বিক্রয়লব্ধ অর্থ সরকারের সংশ্লিষ্ট খাতে জমা দিয়ে সংস্থাপন মন্ত্রণালয়, আই.এম.ই.ডি ও সরকারি যানবাহন অধিদপ্তরকে অবহিত করবে।

৩) প্রকল্প পরিচালক, প্রকল্প সমাপ্তির ৯০ দিন পূর্বে প্রকল্পের শ্রেণী ভিত্তিক যানবাহনের সংখ্যা, অবস্থান এবং বর্তমান অবস্থা (সচল/অচল) ইত্যাদি বিস্তারিতভাবে উল্লেখপূর্বক একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আই.এম.ই.ডি'র বরাবরে দাখিল করে অনুলিপি সংস্থাপন মন্ত্রণালয় ও সরকারি যানবাহন অধিদপ্তরে প্রেরণ করবে।

৪) বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আই.এম.ই.ডি) প্রকল্পাধীন যানবাহনের অপব্যবহার চিহ্নিতকরণ, প্রকল্প সমাপ্তির পর সরকারি কেন্দ্রীয় পরিবহন পুলে জমা নিশ্চিতকরণ বিষয়ে প্রকল্পওয়ারী ত্রৈমাসিক প্রতিবেদন, নিয়মিতভাবে পরিকল্পনা বিভাগের মাধ্যমে একনেক সভায় পেশ করবে এবং প্রতিবেদনের অনুলিপি সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৫) সমাপ্ত উন্নয়ন প্রকল্প ধারাবাহিকভাবে পরবর্তী পর্যায়ে উন্নীত/সম্প্রসারিত হলে এবং সম্প্রসারিত পর্যায়ের প্রকল্পে যানবাহনের সংস্থান থাকলে, প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে নতুন টি.পি.পি /ডি.পি.পি (Technical Project Proforma/Development Project Proforma) অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে পূর্ববর্তী প্রকল্পের প্রয়োজনীয় সংখ্যক যানবাহন সংস্থাপন মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে একই প্রকল্পের পরবর্তী পর্যায়ে স্থানান্তর করা যাবে। অতিরিক্ত যানবাহন (থাকলে) পরিবহন পুলে নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে জমা দিতে হবে।

৬) যে সকল প্রকল্পের গাড়ী ক্রয়ের অর্থ সরকার থেকে ঋণ হিসেবে গ্রহণ করা হয় এবং সে অর্থ সরকারকে সুদে আসলে Debt Service Liability (DSL) হিসেবে পরিশোধ করে থাকে। এ জাতীয় ঋণের অর্থে সংগৃহীত/ক্রয়কৃত যানবাহন, প্রকল্প সমাপ্তির পর সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠান তাদের টিওএন্ডই অনুযায়ী যে কয়টি গাড়ী কম আছে কেবলমাত্র সে কয়টি গাড়ী প্রচলিত পদ্ধতি অনুসরণ ক্রমে টি.ও.এন্ড.ই (TO&E)-তে অন্তর্ভুক্ত করতঃ ব্যবহার করতে পারবে। তবে, প্রকল্প পরিচালক, TO&E বহির্ভূত যানবাহন নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ প্রকল্প সমাপ্তির ৬০ দিনের মধ্যে পরিবহন পুলে জমা নিশ্চিত করবেন।

চলমান পাতা/২

৭) দেশী/বিদেশী উৎস থেকে প্রাপ্ত অনুদান (Grant) এর মাধ্যমে উন্নয়ন প্রকল্পের জন্য সংগৃহীত/ক্রয়কৃত যানবাহন প্রকল্প সমাপ্তির পর এতদবিষয়ে দাতা সংস্থার কোন বিশেষ শর্ত না থাকলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা ৬নং অনুচ্ছেদের অনুরূপ ব্যবস্থা গ্রহণ করবে।

৮) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক শুধুমাত্র গাড়ী ক্রয়ের জন্য যে সকল প্রকল্প গ্রহণ করা হয়, সে সকল প্রকল্পের যানবাহন সরকারি পরিবহন পুলে জমা দেয়ার প্রয়োজন নেই। তবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাকে প্রচলিত বিধি-বিধান অনুসরণ করে যানবাহনগুলো তাদের টিওএন্ডই-তে অন্তর্ভুক্ত করে নিতে হবে এবং এ সংক্রান্ত বিস্তারিত তথ্য সংস্থাপন মন্ত্রণালয়, আই,এম,ই,ডি এবং সরকারি যানবাহন অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

৯) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা এর বিশেষ প্রয়োজনে সমাপ্ত প্রকল্পের যানবাহন ব্যবহার অপরিহার্য হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প সমাপ্তির তারিখের ৬ (ছয়) মাস পূর্ব থেকেই প্রকল্প পরিচালক, প্রকল্পের যানবাহন প্রচলিত পদ্ধতি অনুসরণ করে তাদের স্ব-স্ব টিওএন্ডই-তে অন্তর্ভুক্তকরণের উদ্যোগ গ্রহণ করবে। তবে নির্ধারিত সময়ের মধ্যে টিওএন্ডই-তে অন্তর্ভুক্তির কাজ সমাপ্ত না হলে ১নং অনুচ্ছেদের অনুরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০) প্রকল্প সমাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের যানবাহন কেন্দ্রীয় পরিবহন পুলে জমা না দিলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/মন্ত্রণালয় ঐ প্রকল্পের প্রকল্প পরিচালকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে। এক্ষেত্রে অন্য কেউ দায়ী হলে তার বিরুদ্ধেও অনুরূপ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(মোঃ সিরাজুল ইসলাম)
উপসচিব (মুদ্রণ ও পরিবহন)
ফোনঃ ৭১৬২১৪২

<u>বিতরণঃ</u>

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা /মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সচিব, ..................................................(সকল মন্ত্রণালয়/বিভাগ)। (তাঁর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তর ও স্বায়ত্ত শাসিত সংস্থাকে এই নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সদয় নির্দেশ দানের জন্য অনুরোধ করা হলো)।

৩) পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।

৪) উপ-নিয়ন্ত্রক, মুদ্রণ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (সরকারি গেজেটে মুদ্রণের জন্য অনুরোধ করা হলো)।

৫) অফিস কপি।